দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUN 2008
পৃষ্ঠা 12 কলাম 6

# বাজেটে মহার্ঘ ভাতার ঘোষণা না থাকায় বেসরকারী শিক্ষক-কর্মচারীরা ক্ষুব্ধ

## আন্দোলনের হুমকি

স্টাফ রিপোর্টার ঃ ২০০৮-০৯ অর্থবছরের বাজেটে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা ঘোষণা না করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছে বিভিন্ন শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ। গতকাল (মঙ্গলবার) পৃথক পৃথক বিবৃতিতে নেতৃবৃন্দ বলেছেন, বেসরকারী শিক্ষকদের মহার্ঘ ভাতা দিতে হবে। অন্যথায় শিক্ষক সমাজ আন্দোলনে নামতে বাধ্য হবে।

**বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্যপরিষদ ঃ** এক বিবৃতিতে বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য পরিষদের

পৃ ঃ ৮ ঃ ক ঃ ৬

## বাজেটে মহার্ঘ ভাতার ঘোষণা

১২-এর পৃষ্ঠার পর

প্রিন্সিপাল এ এ আউয়াল সিদ্দিকী, ড. আখতরুজ্জামান, প্রদীপ চক্রবর্তী, প্রিন্সিপাল মোঃ শাহজাহান সাজু প্রস্তাবিত বাজেটে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের ২০ ভাগ মহার্ঘ ভাতা না দিয়ে অমানবিক এবং বৈষম্যমূলক সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়েছেন তারা। অবিলম্বে সরকারী কর্মকর্তা-কর্মচারীদের ন্যায় ২০ ভাগ মহার্ঘ ভাতা, সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বার্ষিক প্রবৃদ্ধি প্রদান, মেডিকেল ভাতা ৫শ' টাকা, বাড়ী ভাড়া ৪৫ ভাগ, মাসিক বেতনের সমপরিমাণ বছরে দু'টি উৎসব ভাতা প্রদানের জোর দাবী জানান।

**বাংলাদেশ শিক্ষক সমিতি (বাশার-নজরুল)**

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদার, মহাসচিব মোঃ নজরুল ইসলাম রনি, প্রেসিডিয়াম সদস্য অধ্যক্ষ খালেকুজ্জামান খান মতিউর রহমান, নির্মল কান্তি বৈদ্য, এক বিবৃতিতে সরকার ঘোষিত ২০০৮-০৯ অর্থবছরের বাজেটে বেসরকারী শিক্ষক কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা ঘোষণা না করায় তীব্র ক্ষোভ প্রকাশ করেন, নেতৃবৃন্দ ১৭ জুনের মধ্যে বেসরকারী শিক্ষকদের জন্য ৫০ ভাগ মহার্ঘ ভাতা ঘোষণা করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

**বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি**

গত দুটি সরকার দ্রব্যমূল্য ঊর্ধ্বগতির কারণে সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের মহার্ঘভাতা প্রদান করেছিল সেই মহার্ঘ ভাতা বেসরকারী প্রাথমিক শিক্ষকরা পেয়েছিল। অবিলম্বে বেসরকারী প্রাথমিক শিক্ষকরা যাতে আগামী জুলাই মাস থেকে মহার্ঘ ভাতা পায় তার ব্যবস্থা গ্রহণ করার জন্য জোর দাবী জানিয়েছে, বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মুহাম্মদ সামসুল আলম, মহাসচিব মৃগেন্দ্র মোহন সাহা, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম ও মহানগর সম্পাদক এম এ মান্নান।

**বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান)**

বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরুজ্জামান)-এর সাধারণ সম্পাদক মোঃ আফজাল মিয়া ও অফিস সম্পাদক মোঃ মফিজউদ্দিন এক বিবৃতিতে বলেন, সরকারী কর্মচারীদের বেতনের ২০ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের সরকারী সিদ্ধান্তকে ধন্যবাদ জানাই। কিন্তু দুঃখের বিষয় বেসরকারী স্কুল-কলেজ-মাদ্রাসার শিক্ষক কর্মচারীগণ উহা পাবে কিনা তা এ বিশাল বাজেটে উল্লেখ করা হয়নি। সদাশয় সরকারের প্রতি আবেদন সরকারী কর্মচারীদের ন্যায় বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদেরও বেতনের ২০ ভাগ মহার্ঘ ভাতা যেন প্রদানে ব্যবস্থা করেন।